

মেডিক্যালে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

কালের কণ্ঠ ডেস্ক >

মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষার ফল গতকাল সোমবার সন্ধ্যায় প্রকাশিত হয়েছে। ২০১৭-১৮ শিক্ষাবর্ষে এমবিবিএসে ভর্তি হওয়ার জন্য ৮২ হাজার ৮৫৬ জন পরীক্ষায় অংশ নিয়েছিল: এর মধ্যে ন্যূনতম ৪০ নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে ৪১ হাজার ১৩২ জন শিক্ষার্থী। তাদের মধ্যে দুজন সর্বোচ্চ নম্বর পেয়েছে, তাদের নম্বর ৯০.০৫। মেধাতালিকার সর্বশেষ নম্বর ৭০.৫। স্বাস্থ্য অধিদপ্তর সূত্র এসব তথ্য জানিয়েছে।

সূত্র জানায়, উত্তীর্ণদের মধ্য থেকে মেধাক্রম অনুযায়ী ৯ হাজার ৩৪৩ জন সরকারি ও বেসরকারি মেডিক্যাল কলেজগুলোতে ভর্তির সুযোগ পাবে। স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট (<http://www.dghs.gov.bd>) থেকে ভর্তি পরীক্ষার ফল জানা যাবে। এ

ছাড়া পরীক্ষার্থীদের মোবাইলেও ফল জানিয়ে দেওয়া হবে।

জানা গেছে, দেশের ৩১টি সরকারি মেডিক্যাল কলেজে আসন রয়েছে তিন হাজার ৩১৮টি। আগামী ১৭ অক্টোবর থেকে ২৮ অক্টোবর পর্যন্ত এই কলেজগুলোতে ভর্তি কার্যক্রম চলবে। এরপর বেসরকারি মেডিক্যাল কলেজগুলোতে ভর্তি শুরু হবে; মোট ৬৯টি বেসরকারি মেডিক্যাল কলেজে ছয় হাজার ২২৫টি আসন রয়েছে।

প্রসঙ্গত, স্বাস্থ্য অধিদপ্তরের ব্যবস্থাপনায় গত শুক্রবার সকাল ১০টা থেকে ঢাকায় পাঁচটি কেন্দ্রসহ সারা দেশে ২০টি কেন্দ্রে অভিন্ন প্রণিপতে এক ঘণ্টার এই ভর্তি পরীক্ষা হয়। এ বছর যারা দ্বিতীয়বারের মতো এই পরীক্ষায় অংশ নেয়, মেধাতালিকা তৈরির সময় তাদের ক্ষেত্রে ৫ নম্বর কাটা হয়েছে।